# মডেল টেস্ট-৫

## বাংলা

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান– ১০০

[দক্ষিন পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক]

**প্রদত্ত অনুচ্ছেদটি পড়ে ১, ২, ৩, ও ৪ নম্বর প্রশ্নগুলোর উত্তর লেখো:**

তুমি ভালোবাস তোমার
ওই ওপারের বন,
যেথায় গাঁথা ঘনচ্ছায়া
পাতার আচ্ছাদন।
যেথায় বাঁকা গলি
নদীতে যায় চলি,
দুই ধারে তার বেণুবনের
শাখায় গলাগলি।

**১ সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখো:** $১ \times ৫ = ৫$

**i. কবি এখানে কিসের বর্ণনা দিয়েছেন?**

ক. বেণুবনের খ. নদী তীরের
গ. গ্রাম্য দৃশ্যের ঘ. বাঁকা গলির

**ii. নদীর ওপারের বনটি কেমন?**

ক. পাতায় ঢাকা খ. স্বপ্নে আঁকা
গ. নির্জন এলাকা ঘ. আঁকা বাঁকা

**iii. 'আচ্ছাদন' শব্দের অর্থ কী?**

ক. ঢেকে রাখা খ. ছাদ
গ. ছেদ করা ঘ. আবরণ

**iv. 'বেণুবন' বলতে কী বোঝানো হয়েছে?**

ক. কাশবন খ. জঙ্গল
গ. গভীর অরণ্য ঘ. বাঁশবাগান

**v. নদীর ধার কীসের শাখায় গলাগলি হয়ে আছে?**

ক. কাশবনের খ. বাঁশবনের গ. বেণুবনের ঘ. ঘাসবনের

teachingbd.com

**২ নিচের প্রশ্নগুলোর উত্তর লেখো।** ১+২+২=৫

ক. কবিতাংশে উল্লেখিত বনটি কীরকম?

খ. 'বেণুবন' কী? কোথায় বেণুবন রয়েছে?

গ. 'পাতার আচ্ছাদন' বলতে কী বোঝায় তা দুটি বাক্যে লেখো।

**৩ নিচের শব্দগুলোর অর্থ লেখো:** ১×৫=৫

আচ্ছাদন, বেণুবন, ঘনচ্ছয়া, গলি, শাখা।

**৪ প্রদত্ত কবিতাংশের মূলভাব লেখো।** ৫

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৫, ৬ ও ৭ নম্বর প্রশ্নগুলোর উত্তর লেখো :**

ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর তখন কলকাতায় চাকরি করেন। একদিন বিকেলবেলা মায়ের চিঠি এলো বিদ্যাসাগরের কাছে। মা লিখেছেন, 'বাবা, আমি অসুস্থ। তুমি শীঘ্র গ্রামে এসো। তোমাকে দেখতে মন চাচ্ছে।' চিঠি পড়ে বিচলিত হলেন বিদ্যাসাগর। সকল কাজকর্ম স্থগিত রেখে বাড়ির পথে রওয়ানা দিলেন। কলকাতা থেকে তার গ্রামে যাওয়ার সরাসরি কোনো রাস্তা নেই। পথের মাঝখানে পড়বে দামোদর নদ। তখন বর্ষাকাল। গভীর রাত্রে বিদ্যাসাগর এলেন সেই নদের কুলে। ঘাটে কোনো নৌকা নেই। মাঝিরা ফিরে গেছে যে যার বাড়িতে। বিদ্যাসাগর ঝাঁপিয়ে পড়লেন পানিতে, সাঁতরে পাড়ি দিলেন দামোদর নদ। পরদিন ভোরবেলা তিনি নিজ গ্রামে মায়ের কাছে পৌঁছান। এই ঘটনাটি মাতৃপ্রেমের এক উজ্জ্বল দৃষ্টান্ত হয়ে আছে।

**৫ সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখো:** ১×৫=৫

**i. উপরের অনুচ্ছেদের মূল বিষয়বস্তু কী?**

ক. পুত্রের কর্তব্য    খ. অনুন্নত যোগাযোগ

গ. অনন্য মাতৃভক্তি    ঘ. বিদ্যাসাগরের সাহসিকতা

**ii. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কোথায় চাকরি করতেন?**

ক. ঢাকায়    খ. কলকাতায়

গ. দিল্লিতে    ঘ. বিহারে

**iii. 'ঈশ্বরচন্দ্র' শব্দটির 'শ্ব' যুক্তবর্ণটিতে যে যে বর্ণ আছে—**

ক. শ্ + ধ    খ. শ্ +ক

গ. শ্ + ব    ঘ. স্ + ব

Teachingbd.com

iv. 'দৃষ্টান্ত' শব্দটির অর্থ কী?

ক. দূরদৃষ্টি খ. উদাহরণ

গ. দৃষ্টির অন্ত ঘ. জনপ্রিয়

v. বিদ্যাসাগর কখন মায়ের কাছে পৌছান?

ক. ভোরবেলা খ. দুপুরবেলা

গ. সন্ধ্যাবেলা ঘ. গভীর রাতে

**৬** নিচে কয়েকটি শব্দ ও শব্দার্থ দেওয়া হলো। উপযুক্ত শব্দটি বসিয়ে নিচের বাক্যগুলোর শূন্যস্থান পূরণ করো: ১×৫=৫

| শব্দ | শব্দার্থ |
|---|---|
| শীঘ্র | দ্রুত, তাড়াতাড়ি |
| বিচলিত | ব্যাকুল, চিন্তিত |
| স্থগিত | ক্ষান্ত, মুলতবি |
| কূল | তীর |
| দামোদর | একটি নদের নাম |
| অসুস্থ | রোগে আক্রান্ত, পীড়িত |

ক. বিপদে ——— না হয়ে ধৈর্য্য ধারণ করতে হবে।

খ. ——— ছিলাম তাই স্কুলে আসতে পারিনি।

গ. সবকিছু ——— রেখে পরীক্ষার পড়ায় মন দাও।

ঘ. যত ——— সম্ভব আমার সঙ্গে দেখা করবে।

ঙ. নদীর ——— ধরে আমরা হেঁটে চললাম।

**৭** নিচের প্রশ্নগুলোর উত্তর লেখো: ৫×৩=১৫

ক. মায়ের চিঠি পড়ে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের মনের অবস্থা কেমন হয়েছিল?

খ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের বাড়ি যাওয়ার পথটি কেমন ছিল?

গ. কোন বিষয়টি ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরকে নদীতে ঝাঁপিয়ে পড়ার সাহস জুগিয়েছিল?

http://teachingbd.com

**৮** **যুক্তবর্ণ বিভাজন করে শব্দ তৈরি করো এবং বাক্য প্রয়োগ দেখাও:**

শ্র, জ্ঞ, ষ্ট, ঙ্ক, ত্র — ২×৫ = ১০

**৯** **বিরামচিহ্ন বসিয়ে অনুচ্ছেদটি পুনরায় লেখো:** — ১×৫ = ৫

বুমা আর বুবা দুই বোন ওদের খুব ভাব একসঙ্গে স্কুলে যায় একসঙ্গে খেলে খুব কমই ওদের ঝগড়া হয়

**১০** **এক কথায় প্রকাশ করো:** — ১×৫ = ৫

ক. খেলা করে যে

খ. খেলার জন্য যে পাগল

গ. দর্শকের দল

ঘ. দিন ও রাতের মিলনকাল

ঙ. অনেক লোকের মিলিত কণ্ঠস্বর

**১১** **নিচের শব্দগুলোর সমার্থক শব্দ লেখো:** — ১×৫ = ৫

ঋষি; ঐক্য; কঠিন; কাক; কপাল।

**১২** **পাঠ্যবইয়ের কবিতা/ছড়া (যেকোনো অংশ থেকে ৬-৮ লাইন) পড়ে প্রশ্নগুলোর উত্তর লেখো:** — ১০

ধরার বুকে স্নেহ-কণাগুলি
ঘাস হয়ে ফুটে ওঠে।
মোরা তারই লাল নীল সাদা হাসি
রূপকথা নীল আকাশের বাঁশি—
শুনি আর দুলি বাতাসে
যখন তারারা ফোটে।

ক. কবিতাংশটি তোমার পঠিত কোন কবিতা থেকে নেওয়া হয়েছে এবং কবিতাংশটির কবির নাম কী? — ২

খ. কবিতাংশটির ভাবার্থ লেখো। — ৫

গ. ঘাসফুলেরা রূপকথা শুনতে শুনতে শান্ত বাতাসে দোল খায় কেন? — ৩

**১৩** **ধরো, তুমি 'প্রথম আলো ভাষা প্রতিযোগ-২০১৭' এ অংশ নিতে চাও। এ জন্য উল্লেখকৃত নিবন্ধন ফরমটি পূরণ করো।** — ৫

**প্রথম আলো ভাষা প্রতিযোগ ২০১৭**

**নিবন্ধন ফরম**

| ছবি |
|---|

নাম:

বাবার নাম:

মায়ের নাম:

http://teachingbd.com

জন্ম তারিখ:
বিদ্যালয়ের নাম:
শ্রেণি:
রোল নম্বর:
শাখা:
শিক্ষার ভাষাগত মাধ্যম:
যে বিভাগে অংশগ্রহণে ইচ্ছুক (√চিহ্ন দাও):

☐ প্রাথমিক পর্যায়ে
☐ মাধ্যমিক পর্যায়ে
☐ উচ্চ মাধ্যমিক পর্যায়ে
☐ বিশ্ববিদ্যালয় পর্যায়ে

যোগাযোগের ঠিকানা:
মোবাইল/টেলিফোন নম্বর:

________________ ________________

আবেদনকারীর স্বাক্ষর সমন্বয়কারীর স্বাক্ষর

**১৪ মনে করো, তোমার নাম আরিফ/আরিফা। তোমার বন্ধুর নাম আবিদ/আবিদা। বড় হয়ে তুমি কী হতে চাও তা জানিয়ে তোমার বন্ধুকে একটি চিঠি লেখো।** ৫

**অথবা, স্কুলে এসে অসুস্থ বোধ করায় তিন পিরিয়ড পর ছুটি চেয়ে প্রধান শিক্ষকের কাছে একটি আবেদনপত্র লেখো।**

**১৫ প্রদত্ত সংকেত অনুসারে ২০০ শব্দের মধ্যে যে কোনো একটি বিষয়ে রচনা লেখো।** ১০

ক. বর্ষাকাল [সূচনা, বৈশিষ্ট্য, প্রকৃতি, উপকারিতা, অপকারিতা, উপসংহার]

খ. একুশে ফেব্রুয়ারি [সূচনা, গুরুত্ব, পটভূমি, শহিদ মিনার, আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, একুশে ফেব্রুয়ারি রচেতনা, উপসংহার]

গ. আমার প্রিয় খেলা : ফুটবল [সূচনা, উৎপত্তি ও প্রচলন, উপকরণ, নিয়মকানুন, উপকারিতা, উপসংহার]

ঘ. বিজ্ঞানের অবদান [সূচনা, মানবকল্যাণে বিজ্ঞানের দান, আধুনিক সভ্যতায় বিজ্ঞান, যাতায়াত ও যোগাযোগে বিজ্ঞান, কৃষিকাজে বিজ্ঞান, চিকিৎসাক্ষেত্রে বিজ্ঞান, শিক্ষায় বিজ্ঞান, বিজ্ঞানের অভিশাপ, উপসংহার]

Teachingbd.com

# মডেল প্রশ্নপত্র ৫ এর উত্তরমালা

**১** i. গ. গ্রাম্য দৃশ্যের; ii. ক. পাতায় ঢাকা; iii. ঘ. আবরণ; iv. ঘ. বাঁশবাগান; v. গ. বেণুবনের।

**২** ক. কবিতায় উল্লেখিত বনটি গাছের পাতার ঘন ছায়ায় ঢাকা।

খ. 'বেণুবন' বলতে বাঁশবাগানকে বোঝায়। নদীর দুই ধারে বেণুবন রয়েছে।

গ. 'পাতার আচ্ছাদন' বলতে বোঝায় পাতা দিয়ে ঘেরা বা পাতা দিয়ে ঢাকা জায়গা। এখানে পাতার আচ্ছাদন বলতে গভীর জঙ্গলকে বোঝানো হয়েছে।

**৩** আচ্ছাদন — আবরণ, ঢাকনি

বেণুবন — বাঁশবন

ঘনচ্ছায়া — নিবিড় ছায়া

গলি — সরুপথে

শাখা — গাছের ডাল

**৪** নদীর একপাশে রয়েছে ঘন পাতার ছায়ায় ঢাকা একটি বন। বনের ভেতর থেকে একটি গলি এঁকেবেঁকে নদীতে এসে মিশেছে। এসবই নদীকে ঘিরে আমাদের ভালোলাগার অনুভূতি তৈরি করে।

**৫** i. গ. অনন্য মাতৃভক্তি; ii. খ. কলকাতায়; iii. গ. শ্ + ব; iv. খ. উদাহরণ; v. ক. ভোরবেলা ।

**৬** ক. বিচলিত; খ. অসুস্থ; গ. স্থগিত; ঘ. শীঘ্র; ঙ. কূল।

**৭** ক. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের মা চিঠিতে জানিয়েছিলেন যে তিনি অসুস্থ। সেই চিঠি পড়ার পর বিদ্যাসাগরের মন অত্যন্ত বিচলিত হয়ে পড়েছিল। তিনি মায়ের জন্য এতটাই ব্যাকুল হলেন যে, সকল কাজ স্থগিত রেখে সেদিনই বাড়ির পথে রওয়ানা দিলেন।

Teachingbd.com

খ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কলকাতায় চাকুরি করতেন। সেখান থেকে অনেক দূরে গ্রামে ছিল তাঁদের বাড়ি। কলকাতা থেকে সেখানে যাওয়ার সরাসরি কোনো রাস্তা ছিল না। তাছাড়া পথের মাঝখানে ছিল বিশাল দামোদর নদ।

গ. অনন্য মাতৃভক্তি ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরকে নদীতে ঝাঁপিয়ে পড়ার সাহস জুগিয়েছিল। তখন বিদ্যাসাগরের মনে ছিল শুধু মাকে দেখার চিন্তা। তাই তিনি রাত্রিবেলা ভরা নদীতে ঝাঁপ দেন এবং সাঁতরে পার হয়ে মায়ের কাছে পৌঁছান।

৮ শ্র = শ্ + র ফলা ( ্র ) — তিনি একটি কারখানার শ্রমিক।
ঙ্গ = ঙ্ + গ — অসৎ সঙ্গ ত্যাগ করব ।
ষ্ট = ষ্ + ট — সৃষ্টিকর্তা সর্বশক্তিমান।
ঙ্ক = ঙ্ + ক — শিহাব অঙ্কে কাঁচা।
ত্র = ত্ + র-ফলা ( ্র ) — ত্রিশ লক্ষ প্রাণের বিনিময়ে আমরা স্বাধীনতা পেয়েছি।

৯ রুমা আর রুবা দুই বোন। ওদের খুব ভাব। একসঙ্গে স্কুলে যায়। একসঙ্গে খেলে। খুব কমই ওদের ঝগড়া হয়।

১০ ক. খেলোয়াড়, খ. খেলা-পাগল, গ. দর্শকদল, ঘ. সন্ধ্যা, ঙ. কোলাহল।

১১ শাস্ত্রজ্ঞ; একতা; দুর্বোধ্য; বায়স; ললাট।

১২ ক. উদ্ধৃত কবিতাংশটি 'ঘাসফুল' কবিতা থেকে নেওয়া হয়েছে এবং কবিতাটির কবির নাম জ্যোতিরিন্দ্র মৈত্র।

খ. পৃথিবীর স্নেহ-কণা নিয়ে ঘাসফুল ফোটে। তারা রাতের নীল আকাশের রূপকথা শুনতে ভালোবাসে। ঘাসফুলেরা আনন্দে শান্ত বাতাসে দোল খায়।

গ. ঘাসফুলেরা আনন্দ পেতে ভালোবাসে। রূপকথা শুনে তাদের মন আনন্দে ভরে ওঠে। তাই তারা রূপকথা শুনতে শুনতে শান্ত বাতাসে দোল খায়।

http://teachingbd.com